



MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No.

Date: 07/09/2024

নোটিস

যে সকল শিক্ষার্থী সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে মানভূম মহাবিদ্যালয়ে অ্যাডমিশন নিতে পারেনি, তাদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশ অনুযায়ী কলেজের ওয়েবসাইটে একটি স্ট্যান্ড-অ্যালোন পোর্টাল ৯ সেপ্টেম্বর ২০২৪ থেকে চালু হচ্ছে; এই পোর্টালের মাধ্যমে অ্যাডমিশন প্রক্রিয়ার যাবতীয় কার্যাবলী ৩০ সেপ্টেম্বর ২০২৪-এর মধ্যে শেষ হবে। কলেজের ওয়েবসাইটের ঠিকানা - <https://manbhummv.ac.in>। এই পোর্টালের মাধ্যমে নতুন করে অনলাইন ফর্ম ফিল-আপ করে আবেদন করতে হবে। ছবি, সইয়ের ছবি, এবং অন্যান্য যাবতীয় ডকুমেন্টস নতুন করে আপলোড করতে হবে; আগের সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের সঙ্গে কলেজের এই অ্যাডমিশন পোর্টালের কোনো লিঙ্ক নেই।

যারা সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে মানভূম মহাবিদ্যালয়ে অ্যাডমিশন নিয়ে ফেলেছেন, তারা এই পোর্টালে আবেদনের সুযোগ পাবে না।

সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে অধিকাংশ সিট ফিল-আপ হয়ে যাওয়ার কারণে স্ট্যান্ড-অ্যালোন পোর্টালে অল্প-সংখ্যক সিট থাকবে। যারা আবেদন করবে, তারা একই সঙ্গে অন্তত চারটি/পাঁচটি সাবজেক্টে আবেদন করবে। আবেদন করার জন্য কোনো টাকা দিতে হবে না। অ্যাডমিশনের শিডিউল, ফিজ, এলিজিবিলিটি ক্রাইটেরিয়া, মেরিট ইন্ডেক্স রুল, টাই-ব্রেকিং রুল, সিট ম্যাট্রিক্স ইত্যাদি জানার জন্য কলেজের ওয়েবসাইটে অ্যাডমিশনের সেকশনে যেতে হবে। এই পোর্টালের মাধ্যমে কলেজে অ্যাডমিশন কঠোরভাবে মেরিটের ভিত্তিতে হবে। এই অ্যাডমিশন হবে প্রভিশনাল অ্যাডমিশন। অ্যাডমিশন চূড়ান্ত হবে কলেজে যাবতীয় ডকুমেন্টসের ভেরিফিকেশন সফল হলে। কলেজের ক্যাম্পাসে নির্দিষ্ট দিনে ও সময়ে এসে ভেরিফিকেশন না-করালে তৎক্ষণাৎ অ্যাডমিশন ক্যান্সেল হয়ে যাবে, এবং সেই সিট পরের মেরিট লিস্টের জন্য ধার্য করে দেওয়া হবে। এই জন্য কলেজের পোর্টালে দেওয়া শিডিউল খুব মন দিয়ে দেখে বুঝে অনুসরণ করতে হবে, ডেট মিস করলে পরে অ্যাডমিশনের বা ভেরিফিকেশনের আর কোনো সুযোগ থাকবে না। অ্যাডমিশনের জন্য টাকা অনলাইনেই পোর্টালের মাধ্যমে জমা দিতে হবে, অন্য কোনোভাবে টাকা জমা নেওয়া হবে না। এই পদ্ধতিতে অ্যাডমিশনের ক্ষেত্রে ভেরিফিকেশনের তারিখের আগে কলেজের ক্যাম্পাসে আসা নিষিদ্ধ। যারা চলতি ক্লাসগুলি অ্যাটেন্ড করার সুযোগ হারাবে, তারা সফল ভেরিফিকেশনের পরে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টগুলির অধ্যাপকদের অনুরোধ করবে পুরোনো পড়া যতটা সম্ভব বুঝিয়ে দিতে।

Tarun K. Ghosh

ড. তরুণ কুমার ঘোষ

অধ্যক্ষ, মানভূম মহাবিদ্যালয়



Principal
Manbhumi Mahavidyalaya
Manbazar, Purulia